দৈনিক
জনকণ্ঠ

তারিখ ..12 FEB 2016...
পৃঃ ...১০... কলাম....৪......

# ফুলচুরি ॥ শিক্ষকের মারধরে স্কুলছাত্র হাসপাতালে

**নিজস্ব সংবাদদাতা, কলাপাড়া, ১১ ফেব্রুয়ারি ॥** এক অভিভাবকের করা নালিশের অজুহাতে লাইব্রেরিতে আটকে অষ্টম শ্রেণীর চার শিক্ষার্থীকে বেধড়ক বেত্রাঘাত করা হয়েছে। একই সঙ্গে লাথি-কিল-ঘুষির আঘাত করা হয়েছে। বুধবার বেলা ১১টায় ৬-৭ জন শিক্ষকের সামনে নির্দয় এ বেত্রাঘাতের ঘটনা ঘটলেও শিক্ষার্থীদের রক্ষায় অন্য শিক্ষকরা কেউ এগিয়ে আসেননি। ঘটনাটি ঘটেছে কলাপাড়ার লালুয়ার এসকেজেবি মাধ্যমিক বিদ্যালয়ে। বেত্রাঘাতে গুরুতর আহতরা হলো আবু কালাম, আরিফ, মাহাবুব ও মাইনুল। এর মধ্যে বেশি গুরুতর আবু কালামকে সন্ধ্যায় কলাপাড়া হাসপাতালের জরুরী বিভাগে চিকিৎসা দেয়া হয়েছে। আবু কালামের মা সাজেদা বেগম জানান, নির্দয় বেত্রাঘাত এবং লাথিতে অন্য ছাত্ররা অসুস্থ হয়ে পড়ে এবং আবু কালাম জ্ঞান হারিয়ে ফেলে। গ্রাম্য ডাক্তার থেকে ব্যথানাশন ইনজেকশন পুশ করে, মারধরের পর এসব শিক্ষার্থীদের ফুটবল খেলতে বাধ্য করা হয়।

এতে পুনরায় গুরুতর অসুস্থ হয়ে পড়লে আবু কালামকে কলাপাড়া হাসপাতালে ভর্তি করা হয়। ওই বিদ্যালয়ের অষ্টম শ্রেণীর ছাত্রী মীমের বাসার ফুল চুরি করায় তার মা জেসমিন বেগম স্কুলে গিয়ে নালিশ করায় এ বেত্রাঘাত করা হয়েছে বলে বিদ্যালয়ের অন্য শিক্ষকরা জানান। তবে স্থানীয়দের অভিযোগ আহত ছাত্র আবু কালাম শিক্ষক জুনায়েদ হোসেনের কাছে কোচিং না করায় তার ওপর এ নির্মম নির্যাতন করা হয়েছে। স্থানীয়রা আরও জানান, শিক্ষক জুনায়েদের রোষানল আর নির্মম মারধরে ইতোমধ্যে অনেক শিক্ষার্থী স্কুলবিমুখ হয়ে পড়েছে। এদিকে আহত ওই ছাত্রের অভিভাবকরা ঘটনাটি সাংবাদিকদের অবহিত করলে, এ বিষয়ে ধামাচাপা দিতে বিদ্যালয়ের অন্য শিক্ষক ও ম্যানেজিং কমিটির সদস্যরা কলাপাড়ায় এসে আহত ছাত্রের অভিভাবককে ম্যানেজ করে বিষয়টি ফয়সালা করার চেষ্টা করছেন।